



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষিই সমৃদ্ধি

## ১ নং ধলাহার ইউনিয়ন পরিষদ কার্যালয়

উপজেলা-জয়পুরহাট সদর, জেলা-জয়পুরহাট।

মোবাইল নং: ০১৭১৬-৯৬১৩৮৯/০১৭১৯-৫১১৫৯৮

ইমেইল: [up-Dhalahar@lgsplgd.gov.bd](mailto:up-Dhalahar@lgsplgd.gov.bd) or [musameg11615@gmail.com](mailto:musameg11615@gmail.com)

সূত্র নং- ধলাহার ইউপি /২২০/২০১৯ ইং (১০)

তারিখঃ ০৩/১০/২০১৯

### নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জয়পুরহাট সদর উপজেলায় ০১ নং ধলাহার ইউনিয়নের ছোট বালিয়াতের ইন্টির মোড়ে একটি বড় রেইন্ড্রির গাছ মরে গিয়ে ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। সেখানে প্রতিদিন অনেক জনসাধারণের সমগম হয়। যাহা যে কোন মহুর্তে জনসাধারণের জান মালের বিপদের কারণ হতে পারে। বর্ণিত স্থানে ০১ (এক) টি গাছ বিক্রয়ের জন্য ভারপ্রাপ্ত বন কর্মকর্তার কার্যালয় (জয়পুরহাট এস,এফ,এন,টি,সি), জয়পুরহাট অনুমতি, নং- ১৭৪, অব তারিখ-২৪/০৯/২০১৯ খ্রিঃ এবং উপজেলা নির্বাহি অফিসার, জয়পুরহাট সদর এর অনুমতি পত্র নং- ০৫.৪৭.৩৮৪৭.০০০.০৭.০৯৮.১৯-৮৮৫ (৩), তারিখ- ০২/১০/২০১৯ ইং মূলে নিলামে বিক্রয়ের অনুমতি পাওয়ায় সরকারী নিয়ম মোতাবেক প্রকাশ্য নিলাম প্রদান করা হইবে। গাছ ক্রয়ের আগ্রহী ব্যক্তি/সমিল মালিক গণকে নিম্ন বর্ণিত রাস্তায় মার্কিং কৃত বনজ গাছের অবস্থা দেখে শুনে নিম্ন বর্ণিত শর্তাবলি পালন সাপেক্ষে প্রকাশ্য নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য জানানো হইলো।

#### গাছের অবস্থানঃ

ক্রঃ নং	উপজেলা	ইউনিয়ন	রাস্তার নাম/স্থানের নাম ( হইতে পর্যন্ত)	গাছের বিবরণী		মন্তব্য
				প্রজাতি	সংখ্যা	
০১	জয়পুরহাট	ধলাহার	ধলাহার ইউপির ছোট বালিয়াতের রেইন্ড্রির মোড়ে ১ (এক) টি মার্কিং কৃত রেইন্ড্রির গাছ	রেইন্ডি	১ টি	

#### নিলাম ডাকের স্থান ও তারিখঃ

ক্রঃ নং	নিলাম ডাকের অবস্থান	তারিখ ও সময়	মন্তব্য
০১	ধলাহার ইউনিয়ন পরিষদ হল রুম	১৩/১০/২০১৯ ইং ( রোজঃ রবিবার) সকাল ১১.০০ ঘটিকায়	

### নিলাম ডাকের শর্তাবলীঃ

- ০১। নিলাম ডাকের অংশগ্রহণের পূর্বে নিলামে অংশগ্রহণকারীগণ নিলামযোগ্য গাছটি ( যেখানে যে অবস্থায় আছে) সরঞ্জামে পরিদর্শন করবেন। কার্যদেশ প্রাপ্তির পর গাছটির মূল্য নির্ধারণ সংক্রান্ত বিষয়ে কোন ওজর আপত্তি বা অভিযোগ গ্রহণযোগ্য হবেনা।
- ০২। নিলাম ডাকের অংশগ্রহণের পূর্বে =১০০০/- (এক হাজার) টাকা জমা পূর্বক ডাকে অংশ গ্রহণ করতে হবে।
- ০৩। নিলাম ডাকের মূল্য সরকারী মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ না হলে নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে।
- ০৪। সর্বোচ্চ নিলাম ডাকের মূল্যের সাথে আরো অতিরিক্ত ৭.৫% ভ্যাট ও ৫% উৎস কর মোট(৭.৫+৫)= ১২.৫% টাকা সরকারী নিয়ম মোতাবেক চালানো জমা দিতে হবে। সর্বোচ্চ নিলাম ডাককারীকে ৩ (তিন) দিনের মধ্যে উক্ত ভ্যাট ট্যাক্স এর সমদয় অর্থ নির্ধারিত কোডে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দিতে হবে এবং প্রমানক দাখিল সাপেক্ষে কার্যদেশ প্রদান করা হবে।
- ০৫। সর্বোচ্চ ডাককারীকে ডাকের মূল্য বাবদ তাৎক্ষনিক ৫০% টাকা পরিশোধ করতে হবে এবং অবশিষ্ট টাকা ৩ (তিন) দিনের মধ্যে সম্পন্ন পরিশোধ করে ০১ নং ধলাহার ইউনিয়ন পরিষদ জয়পুরহাট সদর, জয়পুরহাট অফিস হতে কার্যদেশ গ্রহণ করতে হবে। ব্যর্থতায় নিলাম ডাকে নিয়মানুযায়ী জমা কৃত টাকা বাজেয়াপ্ত সাপেক্ষে পরিবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।
- ০৬। নিলাম কৃত বা মার্কিং কৃত গাছ ছাড়া অন্য কোন গাছ কাটা বা অপসারণ করা যাবে না। নিলাম কৃত মার্কিংকৃত গাছ ব্যতিত অন্য গাছ কর্তন করলে নিলাম ডাক বাতিলসহ জমাকৃত টাকা বাজেয়াপ্ত পূর্বক প্রচলিত আইনের আওতায় ব্যবস্থা গ্রহণ করা হইবে। গাছ কর্তনের সময় কোন ক্ষতি বা দূরঘটনা ঘটলে ডাককারীকে তার দায়িত্ব বহন করবেন।
- ০৭। নিলাম কমিটি/কর্তৃপক্ষ নিলামের সিদ্ধান্ত বাতিল করার সকল ক্ষমতা সংরক্ষণ করেন। যে কোন ডাককারীর দর গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

সূত্র নংঃ ধলাহার ইউপি /২২০/২০১৯ইং (১০) , তারিখঃ ০৩/১০/২০১৯ইং  
জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

১। .....সদস্য, সংশ্লিষ্ট নিলাম কমিটি।

২। সংশ্লিষ্ট নথি/অফিস কপি।

#### সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসক এর কার্যালয়, জয়পুরহাট। ( বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে প্রদর্শন করার অনুরোধসহ)
- ২। উপজেলা নির্বাহি অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাট। ( বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে প্রদর্শন করার অনুরোধসহ)
- ৩। ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, জয়পুরহাট এস,এফ,এন,টি,সি, জয়পুরহাট। ( বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে প্রদর্শন করার অনুরোধসহ)
- ৪। অফিসার ইন চার্জ, জয়পুরহাট সদর থানা, জয়পুরহাট। ( বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে প্রদর্শন করার অনুরোধসহ)
- ৫। নোটিশ বোর্ড অত্র অফিস, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
- ৬। উদ্যোক্তা, ধলাহার ইউনিয়ন ডিজিটাল সেন্টার সদর, জয়পুরহাট। (বিজ্ঞপ্তিটি ওয়েবপোর্টালে প্রচারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ৭। .....জয়পুরহাট সদর, জয়পুরহাট।
- ৮। সংশ্লিষ্ট নথি।

(মোঃ ফয়েজ উদ্দীন আহমেদ)

চেয়ারম্যান

০১ নং ধলাহার ইউনিয়ন পরিষদ, জয়পুরহাট সদর, জয়পুরহাট